**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০২.১৬(অংশ-১)-৪২০

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৮ / ২৩ সেপ্টেম্বর ২০২১

**বিষয় : রাজশাহী জেলার গোদাগাড়ী পৌরসভার মেয়র পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী **০৭ অক্টোবর ২০২১** তারিখ **বৃহস্পতিবার** রাজশাহী জেলার গোদাগাড়ী পৌরসভার মেয়র পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে (প্রজ্ঞাপন সংযুক্ত)। ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা নির্বাচনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **০৬ অক্টোবর ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **০৭ অক্টোবর ২০২১** তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) ট্রাক (২) পিক আপ

০২। সে সাথে **০৫ অক্টোবর ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **৮ অক্টোবর ২০২১** তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

০৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-অ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট পৌরসভা এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **০৬ অক্টোবর ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **০৭ অক্টোবর ২০২১** তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত বর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সে সাথে **০৫ অক্টোবর ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **৮ অক্টোবর ২০২১** তারিখ সকাল ৬.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ**-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩/০৯/২০২১


**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com


সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০২.১৬(অংশ-১)-৪২০

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ..................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব,............................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ
৯. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. জেলা প্রশাসক, রাজশাহী
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১৬. পুলিশ সুপার, রাজশাহী
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী ও রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১৯. উপজেলা নির্বাহী অফিসার, .........................(সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, রাজশাহী
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...................................এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) থানা।

২৩/৯/২০২১

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০২.১৬ (অংশ-১)-৩৭৫

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮
০২ সেপ্টেম্বর ২০২১

**বিষয় : পৌরসভার শূন্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক আগামী **০৭ অক্টোবর ২০২১** তারিখ **বৃহস্পতিবার** ভোটগ্রহণের দিন নির্ধারণ করত নিম্নবর্ণিত ছকের (৪) নং কলামে বর্ণিত পৌরসভার (৫) নং কলামে বর্ণিত শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | পৌরসভার নাম | পদের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | রাজশাহী | গোদাগাড়ী | গোদাগাড়ী | পৌরসভার মেয়র | ইভিএম |
| ২ | ময়মনসিংহ | ঈশ্বরগঞ্জ | ঈশ্বরগঞ্জ | ০৫নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলর | ব্যালট |
| ৩ | মাগুরা | মাগুরা | মাগুরা | ০১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর | ব্যালট |
| ৪ | সিলেট | বিয়ানীবাজার | বিয়ানীবাজার | ০৩নং সংরক্ষিত আসনের কাউন্সিলর | ব্যালট |
| ৫ | পটুয়াখালী | কলাপাড়া | কুয়াকাটা | ০৩নং সংরক্ষিত আসনের কাউন্সিলর | ব্যালট |

২। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন বর্ণিত শূন্য পদে উপনির্বাচন পরিচালনার নিমিত্তে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন (সংলগ্নী-১)।

৩। **আপিল কর্তৃপক্ষ:** উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল নিষ্পত্তিকরণের লক্ষ্যে ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রশাসক আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্বপালন করবেন।

৪। **সময়সূচির বিজ্ঞপ্তি জারি :** ব্যালট পেপারের মাধ্যমে উল্লিখিত পৌরসভার শূন্য পদে **০৭ অক্টোবর ২০২১** তারিখে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর উপবিধি (৩) অনুসারে মনোনয়নপত্র দাখিলের তারিখ, বাছাইয়ের তারিখ, প্রার্থীতা প্রত্যাহারের তারিখ ও ভোটগ্রহণের তারিখ নির্ধারণকরতঃ বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে। একই সাথে নির্বাচনের সময়সূচি এবং সকাল ৮.০০ মি. - বিকাল ৪.০০ মি. পর্যন্ত ভোটগ্রহণের সময় উল্লেখ করে গণবিজ্ঞপ্তির মাধ্যমে রিটার্নিং অফিসার সকলকে অবহিত করবেন। তাছাড়া গোদাগাড়ী পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হওয়ার বিষয়টি গণবিজ্ঞপ্তি বিশেষভাবে উল্লেখ করতে হবে।

৫। **ভোটার তালিকা এবং ভোটকেন্দ্র :** ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। একইভাবে জারীকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

৬। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রতীক বরাদ্দের পর দিন সঠিক রয়েছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উল্লেখ্য যে, বিভিন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে বরাদ্দ করার জন্য প্রতিকের তালিকা সম্বলিত একটি পুস্তিকা প্রণয়ন করে সকল সিনিয়র/জেলা নির্বাচন অফিসার এবং উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৭। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন, মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণ/নিষ্পত্তি সংক্রান্ত দিনসহ উক্তরূপ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, সময়সূচি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের/ আপিল নিষ্পত্তি কার্যক্রম সাপ্তাহিক ছুটির দিনে হবে বিধান সংশ্লিষ্ট অফিস খোলা রাখা ও সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অবহিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল-বাছাই, বাছাইয়ের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি ও প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল দায়ের, প্রার্থিতা প্রত্যাহার ইত্যাদি কার্যক্রম অফিস চলাকালীন এবং বন্ধের দিন হলে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৮। **অন্যান্য নির্দেশনা** : তাছাড়া **০৭ অক্টোবর ২০২১** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র, নির্দেশনা এবং পরবর্তীতে সময় সময়ে জারিকৃত পরিপত্র/ নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

১০। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

০২/০৯/২০২১

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার..................(সংশ্লিষ্ট)
ও
রিটার্নিং অফিসার, ...................................... উপনির্বাচন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০২.১৬ (অংশ-১)-৩৭৫

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৮ / ০২ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, .................................................. (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, .................................................. (সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, .................................... (সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ................................ (সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]

১৭. জেলা প্রশাসক, ........................... (সংশ্লিষ্ট)

১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................ (সংশ্লিষ্ট)

১৯. পুলিশ সুপার, ......................................... (সংশ্লিষ্ট)

২০. উপসচিব, ................................................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২১. উপজেলা নির্বাহী অফিসার, ............................ (সংশ্লিষ্ট)

২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. সিনিয়র/ সহকারী সচিব/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, .....................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৭. উপজেলা নির্বাচন অফিসার..................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .......................................... (সংশ্লিষ্ট) থানা।

02/১১/2020

**( মোহাম্মদ মোরশেদ আলম )**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৬১০